[illegible]

[illegible]

**Job Category:** Security/Protective Services

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 6 Nov 2024

**Application Deadline:** 17 Nov 2024

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৭ম আদালত এর কার্যালয়, চট্টগ্রাম।

স্মারক নং: ৪৭২

তারিখ: ২০ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীর বিশেষ জজ আদালত সমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এর বিধান মতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিয়োগকারী কর্তৃপক্ষ জেলা জজ, চট্টগ্রাম-এর ০৪/১১/২০২৪ খ্রিঃ তারিখের ২৭৩/প্র.বি. নং আদেশের আলোকে প্রত্যেকটি পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাটলিপিকার | ০৩ | ১১,০০০-২৬,৫৯০ (গ্রেড-১৩) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) সাঁটলিপি লিখনে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ১০০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপকরণে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৩৫ ও ৩০ শব্দ হতে হবে। |
| ০২ | নিম্নমান সহকারী (বেঞ্চ সহকারী/হিসাবরক্ষক/ লাইব্রেরী সহকারী/নাজির | ২২ | ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৩ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ০৮ | ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার টাইপকরণে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০ শব্দ হতে হবে। |
| ০৪ | জারীকারক | ২০ | ৮,৫০০-২০,৫৭০ (গ্রেড-১৯) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৫ | অফিস সহায়ক | ২৫ | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৬ | নিরাপত্তা প্রহরী | ০১ | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৭ | পরিচ্ছন্নতাকর্মী | ০১ | ৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

### শর্তাবলী

১। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৭ম আদালত, চট্টগ্রাম বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) নিজ জেলা, (ছ) জন্ম তারিখ, (জ) ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, (৪) জাতীয়তা, (ধ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ট) ধর্ম, (ঠ) শিক্ষাগত যোগ্যতা, (ড) কম্পিউটার পারদর্শীতাসহ অন্যান্য যোগ্যতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্র আগামী ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৭ম আদালত এর কার্যালয়, চট্টগ্রাম বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। ০৫/১১/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা বিধি মোতাবেক অনুসরণ করা হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:-

ক. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদ, পেশাগত সনদ এবং অতিরিক্ত যোগ্যতা সনদের (যদি থাকে) অনুলিপি।

খ. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

গ. স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনলাইন ভেরিফাইড কপি।

ঙ. ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের অপর একটি খামের উপর প্রাপক অংশে প্রার্থীর নাম, ঠিকানা লিপিবদ্ধ করে ২০/- (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকেট আঠা দ্বারা সংযুক্ত করে খামটি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

চ. "পরীক্ষার ফি" বাবদ ছকে বর্ণিত ১ থেকে ৩নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৪ থেকে ৭নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা অনলাইন অটোমেটেড চালান এর মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড-এ ১২১০৪০২১০৫০৮৫-১৪২২৩২৬ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে ।

৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা ।

১০। আবেদনপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে ।

১১। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশী করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

০৫/১১/২০২৪ খ্রি.

সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
(অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ৭ম আদালত)
চট্টগ্রাম।

ভিডিপি : ১১৫৫/২৪ (৯x৪)